

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫৩৬

পানিসাগর, ২৬ জুন, ২০২৪

পানিসাগর পঞ্চায়েত সমিতির সাধারণ সভা

পানিসাগর পঞ্চায়েত সমিতির সাধারণ সভা গতকাল পানিসাগর টাউন হলে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি ভবতোষ দাস, পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান লক্ষ্মীকান্ত দাস, উত্তর ত্রিপুরা জিলা পরিষদ ও পঞ্চায়েত সমিতির অন্যান্য সদস্য, পানিসাগর রাকের বিভিন্ন গ্রামপঞ্চায়েতের প্রধান-উপপ্রধান এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় সভাপতিত্ব করেন পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সঞ্জয় দাস। সভায় রাকের বিডিও নবৰত্ন দত্ত ২০২৩-২৪ অর্থবছর এবং চলতি অর্থবছরে রূপায়িত বিভিন্ন কর্মসূচি নিয়ে আলোচনা করেন। তাছাড়াও বিডিও চলতি অর্থবছরের কর্মপরিকল্পনা নিয়েও আলোকপাত করেন। সভায় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সঞ্জয় দাস রাকের উন্নয়ন কর্মসূচি রূপায়নে জনপ্রতিনিধি ও সরকারি আধিকারিকদের মধ্যে সমন্বয়ের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি চলতি অর্থবছরে গৃহীত উন্নয়ন কর্মসূচি নির্দিষ্ট সময়ে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকদের প্রতি আহ্বান জানান। সভায় রাকের বিভিন্ন গ্রামপঞ্চায়েতের প্রধান ও উপপ্রধানগণও উন্নয়ন কর্মসূচি রূপায়ণ নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

\*\*\*\*\*